

যুগান্তর

প্রিন্ট: ০৩ ডিসেম্বর ২০২৫, ০৯:৩০ এএম

জাতীয়

১১৫ শিক্ষাপ্রতিষ্ঠানে নতুন সভাপতি নিয়োগ, দেখুন তালিকা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০২ ডিসেম্বর ২০২৫, ১০:২০ পিএম



জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা

ফাইল ছবি

রাজধানী ঢাকার ২১৫টি বেসরকারি স্কুল ও কলেজে নতুন সভাপতি নিয়োগ দিয়েছে ঢাকা জেলা প্রশাসন। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সোমবার (১ ডিসেম্বর) ঢাকা জেলা প্রশাসক মো. রেজাউল করিম স্বাক্ষরিত অফিস আদেশে এই নিয়োগের কথা জানানো হয়।

এতে জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব দেওয়া হয়েছে। একেকজন তিন থেকে আটটি শিক্ষাপ্রতিষ্ঠানের দায়িত্ব পেয়েছেন।

অফিস আদেশে বলা হয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বেসরকারি মাধ্যমিক-১ শাখার ১৫ নভেম্বর এবং বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ১৬ নভেম্বরের নির্দেশনা মোতাবেক ঢাকা জেলার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল অ্যান্ড কলেজ) জেলা প্রশাসক, ঢাকা বা তার মনোনীত প্রতিনিধিকে সভাপতির দায়িত্ব প্রদান করা হয়েছে।

‘সে মতে, ঢাকা জেলার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল অ্যান্ড কলেজ) সভাপতি পদে জেলা প্রশাসক, ঢাকা-এর মনোনীত প্রতিনিধি হিসেবে নির্ধারিত ছক মোতাবেক দায়িত্ব প্রদান করা হলো।’

তালিকা দেখুন এখানে